যখন কোন ব্যক্তি স্ত্রীর চার শাখার মাঝে বসে, অতঃপর তার সাথে সঙ্গম করে, তাহলেই গোসল ওয়াজিব হয়ে যায়।

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “যখন কোন ব্যক্তি
স্ত্রীর চার শাখার মাঝে বসে, অতঃপর তার সাথে সঙ্গম করে, তাহলেই গোসল ওয়াজিব হয়ে
যায়”। অপর বর্ণনায়: “যদিও বীর্যপাত না হয়”। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যখন কোন ব্যক্তি স্ত্রীর চার শাখার মাঝে বসে। আর তা হলো দুই হাত, দুই পা। তারপর তার লিঙ্গকে স্ত্রীর লজ্জাস্থানে প্রবেশ করালো তাহলে তাদের উভয়ের ওপর গোসল ওয়াজিব হয়ে যায়। যদিও তাতে বীর্যপাত না হয়। কারণ, শুধু প্রবেশ করানো গোসল ওয়াজিব হওয়ার কারণসমূহের একটি কারণ।

http://sunnah.global/hadeeth/bn/show/3533